

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫০২

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. চন্দ্র ও সূর্যগ্রহণের সালাত - চন্দ্র সূর্যগ্রহণের রহস্য ও যখন তা সংঘটিত হবে তখনকার করণীয়

## আরবী

عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ \_ رضي الله عنه \_ قَالَ: انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ يَوْمَ مَاتَ إِبْرَاهِيمُ, فَقَالَ النَّاسُ: انْكَسَفَتِ الشَّمْسُ لِمَوْتِ إِبْرَاهِيمَ, فَقَالَ النَّاسُ: انْكَسَفَتِ الشَّمْسُ لِمَوْتِ إِبْرَاهِيمَ, فَقَالَ النَّاسُ: انْكَسَفَتِ الشَّمْسُ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ إِبْرَاهِيمَ, فَقَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم: «إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ لَا يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ, فَإِذَا رَأَيْتُمُوهُمَا, فَادْعُوا اللَّهَ وَصَلُّوا, حَتَّى تَنْكَشِفَ». مُتَّفَقٌ عَلَيْهِ

وَفِي رِوَايَةٍ لِلْبُخَارِيِّ: حَتَّى تَنْجَلِيَ

صحيح. رواه البخاري (1043)، ومسلم (915)، وليس عند مسلم قول الناس، كما أنه ليس عند البخارى: حتى تنكشف

## বাংলা

৫০২. মুগীরাহ ইবনু শু'বাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম - এর সময় যে দিন (তাঁর পুত্র) ইবরাহীম (রাঃ) ইনতিকাল করেন, সেদিন সূর্যগ্রহণ হয়েছিল। লোকেরা তখন বলতে লাগল, ইবরাহীম (রাঃ) এর মৃত্যুর কারণেই সূর্যগ্রহণ হয়েছে। তখন আল্লাহর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন : কারো মৃত্যু অথবা জন্মের কারণে সূর্য বা চন্দ্রগ্রহণ হয় না। তোমরা যখন তা দেখবে, তখন গ্রহণমুক্ত না হওয়া পর্যন্ত আল্লাহর নিকট দু'আ করবে এবং সালাত আদায় করবে।[1]

বুখারীর ভিন্ন একটি বর্ণনায় আছে-(গ্রহণমুক্ত হয়ে) 'পরিষ্কার না হওয়া পর্যন্ত।[2]



## ফুটনোট

- [1] ইমাম বুখারী এবং মুসলিম (রঃ) হাদীসটি বর্ণনা করেছেন। মুসলিমের বর্ণনায় قول الناس কথাটির যেমন উল্লেখ নেই তেমনি বুখারীর বর্ণনায় حتى تنكشف শব্দটির উল্লেখ নেই।
- [2] বুখারী ১০৪৩, ১০৬১, ৬১৯৯, মুসলিম ৯১৫, আহমাদ ১৭৬৭৬, ১৭৭১৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন